



Roxana Quader
Additional Secretary (PH&WHO)
Health Services Division
Ministry of Health & Family Welfare
Govt. Of the People's Republic of Bangladesh
Bangladesh Secretariat, Dhaka-1000

ডি.ও. নং-৪৫.০০.০০০০.১৬১.০৩৫.০১.১০/ ৬৬৮

তারিখঃ ১৪.১২.২০১৭ খ্রিঃ

শ্রদ্ধেয় মহোদয়,

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ১৯৭৩ সাল থেকে জাতীয়ভাবে শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর কার্যক্রম পরিচালনা করে আসছে। এ কার্যক্রমের ফলে ৬-৫৯ মাস বয়সী শিশুদের কভারেজ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়ে ২০১৪ সালে শতকরা ৯৯ ভাগে উন্নীত হয়েছে। অপুষ্টিজনিত অন্ধত্ব প্রতিরোধে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা হচ্ছে রাতকানার শতকরা হার ১ ভাগের নীচে নামিয়ে আনা। ইতোমধ্যে বাংলাদেশে সে লক্ষ্য পুরোপুরি অর্জিত হয়েছে। সর্বশেষ জরীপ অনুযায়ী বাংলাদেশে বর্তমানে ভিটামিন 'এ' অভাবজনিত রাতকানার হার শতকরা ০.০৪ ভাগ। তাছাড়া ভিটামিন 'এ' শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে এবং শিশু মৃত্যুর ঝুঁকি কমায়। অপুষ্টিজনিত অন্ধত্ব প্রতিরোধে এই অর্জিত হার ধরে রাখা অথবা তা শূণ্যের কোঠায় নামিয়ে আনা এবং শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে শিশু মৃত্যুর ঝুঁকি কমানোর লক্ষ্যে বছরে ২ বার ৬-১১ মাস বয়সী শিশুদের ১ টি নীল রঙের (১ লক্ষ আই. ইউ) এবং ১২-৫৯ মাস বয়সী শিশুদের ১ টি লাল রঙের (২ লক্ষ আই. ইউ) উচ্চক্ষমতা সম্পন্ন ভিটামিন 'এ' খাওয়ানোর কার্যক্রম চালিয়ে যাওয়া একান্ত জরুরি।

এ প্রেক্ষাপটে আগামী ২৩ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ রোজ শনিবার (৯ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ) সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত সারাদেশে পালিত হতে যাচ্ছে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন (১ম রাউন্ড)। এদিন ৬-১১ মাস বয়সী শিশুদের ১টি নীল রঙের (১ লক্ষ আই,ইউ) এবং ১২-৫৯ মাস বয়সী শিশুদের ১টি লাল রঙের (২ লক্ষ আই,ইউ) উচ্চক্ষমতা সম্পন্ন ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। এছাড়াও পুষ্টি বিষয়ক বিভিন্ন বার্তা জনগণের মাঝে প্রচার করা হবে।

আসন্ন 'জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন' কে সর্বাঙ্গিকভাবে সফল করার লক্ষ্যে আপনার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হলে জাতীয় গুরুত্বপূর্ণ এ কর্মসূচি সফল বাস্তবায়নে অত্যন্ত সহায়ক হবে।

তাই আপনার মন্ত্রণালয়ের আওতাধীন সকল বিভাগ, জেলা, উপজেলা ও স্থানীয় পর্যায়ের কর্মকর্তাগণকে এ কর্মসূচিতে সর্বাঙ্গিক সহযোগিতা করার নিমিত্ত নির্দেশনা প্রদানের জন্য আপনাকে একান্ত অনুরোধ করছি।

শ্রদ্ধেয়,

অতিরিক্ত সচিব	
প্রশাসন ও উপকরণ অনুবিভাগ	
<input checked="" type="checkbox"/> সচিব (প্রশাঃ)	<input checked="" type="checkbox"/> যুগ্ম-সচিব (উপঃ)
<input checked="" type="checkbox"/> উপ-সচিব (সেবা)	<input checked="" type="checkbox"/> উপ-সচিব (আইন)
<input checked="" type="checkbox"/> উপ-সচিব (প্র-৪)	<input checked="" type="checkbox"/> যুগ্ম-সচিব (FMM)
<input checked="" type="checkbox"/> উপ-সচিব (প্র-৫)	<input checked="" type="checkbox"/> যুগ্ম-সচিব (বা/মনি)
<input checked="" type="checkbox"/> অন্যান্য	
নম্বর: ৭৫৬৩	
তারিখ: ১৪/১২/১৭	

জনাব মোহাম্মদ মঈনুদ্দীন আব্দুল্লাহ
সিনিয়র সচিব
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

কৃষি সচিবের দপ্তর	
<input checked="" type="checkbox"/> অতিরিক্ত সচিব (প্রশাঃ/উপঃ)	
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (পিপিপি)	
<input type="checkbox"/> মহাপরিচালক (বীজ)	
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (নিরাীক্ষা)	
<input type="checkbox"/> সিনিয়র সচিব (সমঃ)	
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (গবেষণা)	
<input type="checkbox"/> যুগ্ম-প্রদান	
<input type="checkbox"/> সি.এস.	
প্রাপ্তি নং:	
তারিখ:	

শাখায় প্রাপ্তির তারিখ:	১৬/১২/১৭
আইসি নং:	১৫৬৮
উপস্থাপনের তারিখ:	

আন্তরিকভাবে আপনার

শ্রদ্ধেয়

প্রশাসন-১ শাখা	<input checked="" type="checkbox"/>
প্রশাসন-২ অধিশাখা	
প্রশাসন-৩ অধিশাখা	
প্রশাসন-৫ অধিশাখা	
আইন অধিশাখা	
আইসিটি সেল	<input checked="" type="checkbox"/>
হিসাব রক্ষণ কর্মকর্তা	
অন্যান্য শাখা	
ব্যক্তিগত কর্মকর্তা	<input checked="" type="checkbox"/>
নম্বর:	৫১/৪৫
তারিখ:	১৪/১২/১৭

২৫/১২/১৭